গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
Tel: 9144252-3, Fax: 9180968, e-Mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং- আইএমইডি/সিপিটিইউ/নীতিনির্ধারণ/২৬২/২০১১-১১৯৫ তারিখঃ ২৬/০৭/২০১৫খ্রি:

# পরিপত্র

**বিষয়ঃ কার্য (works) ক্রয়ে দরপত্র প্রক্রিয়ায় মূল্য সমন্বয় (Price Adjustment) প্রয়োগ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্রব্য মূল্য বিশেষ করে নির্মাণ সামগ্রীর মূল্য প্রায়শই অপ্রত্যাশিতভাবে হ্রাস-বৃদ্ধি পায়। সঙ্গত কারণে দীর্ঘ মেয়াদি কার্যক্রয়ে চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে একদিকে যেমন ভারসাম্যমূলক দরপত্র পাওয়া যায় না অপরদিকে প্রতিযোগিতা হ্রাস পায় এবং BoQ এর বিপরীতে উদ্ধৃত মূল্য সময়ের ব্যবধানে নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে কার্যের কর্ম পরিকল্পনায় ভারসাম্যহীনতা/দীর্ঘসূত্রিতা পরিলক্ষিত হয় এবং পরিকল্পনা হয়ে যায় ঝুঁকিপূর্ণ। নির্ধারিত মানে ও সময়ে কার্যের বাস্তবায়নে বিরূপ প্রতিক্রিয়া পড়ে এবং কোন কোন ক্ষেত্রে কার্যপরিত্যক্ত হবারও সম্ভাবনা দেখা দেয়। এরূপ পরিস্থিতি উত্তোরণের নিমিত্ত কার্য (works) ক্রয় চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে মূল্য সমন্বয় চুক্তির একটি গুরুত্বপূর্ণ শর্ত। এ প্রসঙ্গে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৫(৪)(৫) এর বিধান নিম্নরূপঃ

(ক) কোন কার্য চুক্তি বাস্তবায়নে ১৮ মাসের বেশি সময়ের আবশ্যক হলে নির্ধারিত ফরমুলা অনুসরণক্রমে Price Adjustment বা মূল্য সমন্বয় করা যেতে পারে;

(খ) এমনকি ১৮ মাসের কম সময় আবশ্যক হলেও প্রয়োজনে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে Tender Document এ সংস্থান রেখে চুক্তি বাস্তবায়নকালে Price Adjustment করা যেতে পারে;

(গ) উপর্যুক্ত বিধি অনুসরণে CPTU কর্তৃক প্রণীত Standard Tender Document (STD) এর ITT, GCC এবং PCC এর সংশ্লিষ্ট clause এ Price Adjustment সংক্রান্ত নির্দেশনা এবং প্রয়োগিক ফরমুলা প্রদান করা হয়েছে।

২। উল্লেখ্য, PPR, 2008 এর বিধি-৫(৪)(৫) এবং STD এর ITT/GCC/PCC নির্দেশনা মোতাবেক Price Adjustment সংশ্লিষ্ট clause গুলো প্রয়োগ ও যথাযথভাবে অনুসরণ করা হলে চুক্তি বাস্তবায়নকালীন সময়ে চুক্তির আওতায় মূল্য সমন্বয় করার সুযোগ থাকে। এটি প্রয়োগ করা হলে PCC-তে বর্ণিত ফরমুলা এবং Price Adjustment Data (Appendix to the Tender) চুক্তির শর্ত হিসেবে কাজ করে এবংস্বয়ংক্রিয়ভাবে সম্পাদিত কাজের প্রদেয় আর্থিক মূল্য নির্ধারণ করা সম্ভব হয়।

৩। ক্রয়কারীর বিবেচনায় তুলনামূলকভাবে কোন জটিল ও বৃহৎ কার্য চুক্তি চুক্তির বাস্তবায়নকালীন সময়ে মূল্য সমন্বয় বা Price Adjustment এর সংস্থান রাখা হলে CPTU কর্তৃক প্রণীত STD এর GCC এবং PCC-তে প্রদত্ত নিম্নরূপ ফরমুলাটি প্রয়োগযোগ্য হবেঃ

P=A+B(Im/Io)

P=A+{a(La.Im/Io)+b(Bi.Im/Io)+c(Ce.Im/Io)+d(Re.Im/Io)+etc.}

[La=Labour, Bi=Bitumen, Ce=Cement, Re=Reinforcing steel etc.]

Im=Index during the month the work has been executed.

Io= Index Prevailing 28 days prior to the deadline for submission of Tender.

P= Adjustment factor. A= co-efficient for non adjustment component

B=(a+b+c+d.............etc)=co-efficient for adjustable component.

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃক 'B' এর বিভাজন অর্থাৎ Price Adjustment Data (Appendix to the Tender) পূরণপূর্বক দরপত্র দলিলে প্রদান করতে হবে যা পরবর্তিতে চুক্তির অংশহিসেবে গণ্য হবে।

৪। বর্ণিত অবস্থায় PPR, 2008 এবং CPTU কর্তৃক প্রদত্ত Standard Tender Document (STD) অনুসরণে প্রযোজ্য ক্ষেত্রে Price Adjustment বা মূল্য সমন্বয়ের সংস্থান কার্যকরভাবে প্রয়োগ নিশ্চিত করে গণক্রয়ে অর্থের অর্থমূল্য (value for money) অর্জনের প্রয়াসে সকল ক্রয়কারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

২৮/০৭/১৫

(মোঃফারুক হোসেন)
মহাপরিচালক
ফোন: ৯১৪৪২৫২-৫৩

**বিতরণঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব, ..................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব ......................................................................... মন্ত্রণালয়/বিভাগ।
৪। ক্রয়কারী সংস্থা (সকল)।
৫। সার্কুলার ফাইল/গার্ড ফাইল।